

# অষ্ট্রেলিয়ার মেলবোর্ন বিশ্ববিদ্যালয় দিচ্ছে সম্পূর্ণ অর্থায়িত ৬০০ বৃত্তি

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ২৪ আগস্ট ২০২৫, ০৯:০৭



অষ্ট্রেলিয়ার মেলবোর্ন বিশ্ববিদ্যালয়।

অস্ট্রেলিয়ার মেলবোর্ন বিশ্ববিদ্যালয়ে ৬০০টি গ্র্যাজুয়েট রিসার্চ বৃত্তির আবেদনপ্রক্রিয়া শুরু হয়েছে। বিশ্বের যেকোনো দেশের শিক্ষার্থীরা এ বৃত্তির জন্য আবেদন করতে পারবেন। বিশ্ববিদ্যালয়টির সম্পূর্ণ অর্থায়িত এ বৃত্তির আওতায় নির্বাচিত শিক্ষার্থীরা স্নাতকোত্তর ও পিএইচডি ডিগ্রি অর্জনের সুযোগ পাবেন।

 **দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন**

মেলবোর্ন বিশ্ববিদ্যালয় অস্ট্রেলিয়ার ভিক্টোরিয়া রাজ্যের রাজধানী মেলবোর্ন শহরে অবস্থিত। এটি দেশটির অন্যতম প্রাচীন ও খ্যাতনামা উচ্চ শিক্ষাপ্রতিষ্ঠান। ১৮৫৩ সালে প্রতিষ্ঠিত এ বিশ্ববিদ্যালয়টি গবেষণা, শিক্ষা ও উদ্ভাবনের জন্য বিশ্বজুড়ে সমাদৃত। বিশ্ববিদ্যালয়টি নিয়মিতভাবেই বৈশ্বিক র‍্যাঙ্কিংয়ে শীর্ষস্থানে থাকে।

## সুযোগ-সুবিধা

গ্র্যাজুয়েট রিসার্চ বৃত্তির জন্য নির্বাচিত স্নাতকোত্তরের শিক্ষার্থীদের দুই বছর পর্যন্ত এবং পিএইচডি শিক্ষার্থীদের সম্পূর্ণ টিউশন ফি মওকুফ করা হবে। স্নাতকোত্তরের শিক্ষার্থীদের জন্য দুই বছর পর্যন্ত ও পিএইচডি শিক্ষার্থীদের জন্য আনুপাতিক হারে প্রতিবছর সাড়ে ৩৮ হাজার ডলার জীবনযাত্রার ভাতা দেওয়া হবে। এ ছাড়া আরও বিভিন্ন ধরনের অনুদানের ব্যবস্থা রয়েছে।

## আবেদনের যোগ্যতা

বাংলাদেশসহ বিশ্বের যেকোনো দেশের শিক্ষার্থীদের জন্য বৃত্তিটি উন্মুক্ত। বৃত্তিটির জন্য আগ্রহী শিক্ষার্থীদের আকর্ষণীয় একাডেমিক ফলাফল থাকতে হবে। স্নাতকোত্তরের জন্য আবেদন করতে স্নাতকের সনদ ও পিএইচডির জন্য আবেদন করতে স্নাতকোত্তরের সনদ থাকতে হবে।

## অধ্যয়নের ক্ষেত্রসমূহ

স্থাপত্য, ভবন, পরিকল্পনা এবং নকশা; কলা, মানবিক এবং সামাজিকবিজ্ঞান; ব্যবসা এবং অর্থনীতি; শিক্ষা; প্রকৌশল; পরিবেশ; স্বাস্থ্য; তথ্যপ্রযুক্তি এবং কম্পিউটার বিজ্ঞান; আইন; সংগীত, দৃশ্যমান এবং পরিবেশন শিল্পকলা; বিজ্ঞান এবং পশুচিকিৎসা, কৃষি এবং খাদ্যবিজ্ঞান।

## বৃত্তির সময়কাল

স্নাতকোত্তর গবেষণা ডিগ্রির মেয়াদ ২ বছর ৫ মাস এবং পিএইচডি গবেষণা ডিগ্রির মেয়াদ ৪ বছর।

## আবেদন পদ্ধতি

আগ্রহী প্রার্থীরা এখানে [ক্লিক](#) করে অনলাইনের মাধ্যমে আবেদন করতে পারবেন।

আবেদনের শেষ তারিখ: ৩১ অক্টোবর, ২০২৫।